আজকের কাগজ ২৪

তারিখ ... 29 SEP 1995 ...
পৃষ্ঠা ... ৭ কলাম ... ৫ ...

# '৭২-এর সংবিধানে সকল বালক-বালিকার শিক্ষার কথা থাকলেও তা অগ্রাহ্য করা হয়েছে

—কাজী শাহেদ আহমেদ

যশোর ব্যুরো থেকে মতিনুজ্জামান মিটুঃ বাংলাদেশ সংবাদপত্র পরিষদের সভাপতি ও আজকের কাগজ সম্পাদক কাজী শাহেদ আহমেদ বলেছেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রচিত '৭২-এর সংবিধানে দেশের সকল বালক-বালিকার জন্যে অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার কথা থাকলেও '৭৫- এর ১৫ আগস্টের পর থেকে তা বার বারই অগ্রাহ্য করা হয়েছে। অথচ দেশের পবিত্র সংবিধানকে অগ্রাহ্য করার অধিকার কারো থাকার কথা নয়।

সদ্য একটি স্বাধীন দেশে যুদ্ধ বিধ্বস্ত পরিবেশে বঙ্গবন্ধু দেশের সকল প্রাথমিক বিদ্যালয়কে সরকারিকরণের মাধ্যমে শিক্ষক সমাজকে যুগ যুগান্তরের অভিশাপ থেকে মুক্তি দিয়েছিলেন। নিশ্চিত করেছিলেন দেশের সন্তান-সন্ততিদের শিক্ষার অধিকার। শতাব্দীর সেরা সন্তান বঙ্গবন্ধুর পক্ষেই সম্ভব হয়েছিলো এক সঙ্গে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়কে রাষ্ট্রায়ত্ত করা। অন্য কারো পক্ষে এত বড় ঝুঁকি নেয়া সম্ভব হতো না। গত ২০ বছরে একথা বার বার প্রমাণিত হয়েছে। এই ইতিহাস থেকে শিক্ষা না নিলে অশিক্ষার অভিশাপ থেকে জাতিকে মুক্তি দেয়া যাবে না।

তিনি গতকাল দুপুরে তার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে এলে বাংলাদেশ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি যশোর জেলা ও কোতোয়ালি থানা শাখার নেতাদের উদ্দেশে একথা বলেন। তিনি বলেন, বঙ্গবন্ধু রচিত পবিত্র সংবিধানের প্রতি শ্রদ্ধা রেখে আজকের কাগজ দেশের সন্তান-সন্ততির শিক্ষা নিশ্চিত এবং শিক্ষক সমাজের অধিকার ও মর্যাদা রক্ষার জন্যে জোর প্রচেষ্টা চালিয়ে যাবে।

আজকের কাগজ সম্পাদকের যশোর পুরাতন কসবা কাজীপাড়াস্থ পৈত্রিক বাসভবনে অনুষ্ঠিত সৌজন্য সাক্ষাতের সময় সমিতির যশোর জেলা সাধারণ সম্পাদক আব্দুল লতিফ ও সাংগঠনিক সম্পাদক সুলতান মাহামুদ হাসানের নেতৃত্বে ১৯ জন শিক্ষক নেতা উপস্থিত ছিলেন। উপস্থিত শিক্ষক নেতারা হচ্ছে- ওসমান গনি, শাহাজাহান আলী, আব্দুল গফুর, আতিয়ার রহমান, আব্দুল অদুদ, আব্দুল লতিফ, মিজানুর রহমান, নূরুল হক, আবু বক্কর সিদ্দিক, আবুল কালাম, নওশের আলী, আব্দুল ওহাব, আলতাফ হোসেন, রাশেদ আলী, মুকুন্দ কুমার রায়, আহসান হাবিব ও অরুণ কুমার সাহা। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কাজী শওকত হাসান, রেজাউল হোসেন, তৌফিক জাহান প্রমুখ।